



ভাসিটির ভূমিকা এখন বিতর্কিতঃ প্রো-ভাসি

।। স্টাফ রিপোর্ট ।।
ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভাইস
চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দিন
আহমদ বলেছেন, বিশ্ববিদ্যালয়-
গুলোর ভূমিকা এখন বিতর্কিত।
ছাত্র, শিক্ষক ও রাজনীতিবিদ
হিসাবে আমরা আমাদের ভাষ-
মূর্তি হারিয়েছি।
তিনি বৃহস্পতি সন্ধ্যায় টিএস-
সিতে ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্র-
বিজ্ঞান বিভাগে আয়োজিত নবান্ন
(শেষ পৃঃ ২-এর কঃ দঃ)

ভাসিটির ভূমিকা

(১ম পৃঃ পর)
বরণ ও বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠানে
বিশেষ অতিথির বক্তৃতা দেন।
প্রফেসর এমাজউদ্দিন সম্মিলিত
প্রচেষ্টার মাধ্যমে শিক্ষক, শিক্ষার্থী
ও রাজনীতিবিদদের হারানো ভাষ-
মূর্তি পুনঃ প্রতিষ্ঠার আহ্বান
জানান। তিনি বলেন, ছাত্র, রাজ-
নীতি পরিভাষা হতে পারে না।
তবে সতর্ক থাকতে হবে যাতে
রাজনীতির নামে হিংসাত্মক কার্য-
কলাপ না ঘটে। কেননা এতে করে
গণতান্ত্রিক পরিবেশ বিঘ্নিত হয়।
বিভাগীয় চেয়ারম্যান ডক্টর
নাজমা চৌধুরীর সভাপতিত্বে এ
অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন
বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর
প্রফেসর আবদুল মান্নান। আলো-
চনা সভার পর ছিল সাংস্কৃতিক
অনুষ্ঠান।